



নম্বর- ৪৭.৬২.০০০০.২০৮.২১.০০২.২১. ৫৬৬


তারিখ: ০৭ জানুয়ারি ২০২১

অফিস আদেশ

প্রতি বছর সকল কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল করা বাধ্যতামূলক। ইতঃপূর্বে বিআরডিবি’র স্মারক নং ৪৭.২.০০০০.২০.০০.৪৩৬.০২.৯৪৭ তারিখ ২৮/০১/২০১৬ খ্রি: মূলে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) দাখিল ও মূল্যায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়। এতৎসঙ্গেও এসিআর দাখিল ও মূল্যায়নের ক্ষেত্রে অনেকেই যথাযথ প্রক্রিয়া অনুসরণ করছেন না। এ প্রেক্ষিতে ২০২০ সনের এসিআর দাখিলের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ০১। বিআরডিবি’র সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে যথাসময়ে এসিআর দাখিল করতে হবে। ইতঃপূর্বে মাঠ সংগঠক, গাড়িচালক, অফিস সহায়কসহ যেসব পদে পদোন্নতির সুযোগ নেই তারা এসিআর নিয়মিত দাখিল করেননি-যা বিধি সম্মত নয়। প্রতি বছর প্রতিটি কর্মচারীর শৃঙ্খলা, দক্ষতা, যোগ্যতা ও কাজের মূল্যায়নের জন্য এসিআর দাখিল করা বাধ্যতামূলক।
- ০২। বিআরডিবি’র সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে আবশ্যিকভাবে ৩১শে জানুয়ারি’র মধ্যে বিআরডিবি’র ওয়েবসাইট হতে এসিআর ফরম (পিডিএফ) A4 সাইজ কাগজে উভয় পৃষ্ঠায় (এপিঠ-ওপিঠ) প্রিন্ট করে স্বহস্তে পূরণপূর্বক অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। অনুবেদনকারী কর্মকর্তা মূল্যায়ন, স্বাক্ষর ও সিল দিয়ে তা প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট ২৮শে ফেব্রুয়ারির মধ্যে প্রেরণ করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা এসিআর মূল্যায়নপূর্বক ৩১শে মার্চ এর মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।
- ০৩। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী অনিবার্য কারণবশত বিলম্বের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর দাখিলকৃত প্রমাণক যাচাই-সাপেক্ষে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের পরবর্তী ০১ (এক) মাস পর্যন্ত উক্ত গোপনীয় অনুবেদন গ্রহণ করতে পারবেন।
- ০৪। বিরূপ মন্তব্য প্রদানের ক্ষেত্রে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তা/কর্মচারীকে প্রথমে মৌখিক ও পরবর্তীতে লিখিত আদেশ প্রদান করতে হবে। উক্ত আদেশের পরেও সংশোধন না হলে বিরূপ মন্তব্য প্রদান করতে পারবে; তবে মন্তব্য সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট হতে হবে। বিরূপ মন্তব্য প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে এসিআর এর সাথে লিখিত আদেশ সংযুক্ত করতে হবে।
- ০৫। বার্ষিক গোপনীয় অনুবেদনে (এসিআর) কোন প্রকার কাটা-কাটি ও ফ্লুইড ব্যবহার করা হলে এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সিল না দিলে তা বাতিল হিসেবে গণ্য হবে।
- ০৬। বিদ্যমান কোভিড-১৯ মহামারির কারণে ২০২০ সনের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফরম দাখিলের ক্ষেত্রে স্বাস্থ্য প্রতিবেদন গ্রহণ করা লাগবে না।

উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক যথাসময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এসিআর প্রেরণে অযাচিত বিলম্ব হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।

  
নিতাই চন্দ্র সেন  
পরিচালক (প্রশাসন)

নম্বর- ৪৭.৬২.০০০০.২০৮.২১.০০২.২১. ৫ ৬৬

তারিখ: ১৯ জানুয়ারি ২০২১

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, বিআরডিটিআই, খাদিমনগর, সিলেট।
২. যুগ্মপরিচালক (সকল),....., বিআরডিবি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক (সকল), ..... , বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপপরিচালক (সকল), ..... , বিআরডিবি, ঢাকা।
৬. উপপরিচালক (সকল), বিআরডিবি, ..... জেলা।
৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি, ..... উপজেলা, ..... জেলা।
৮. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/প্রশিক্ষণ/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
১৯/০১/২০২১  
মোহাম্মদ রফিকুল ইসলাম  
উপপরিচালক (প্রশাসন)